রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাইরে গিয়ে ব্যবসায়ীদের সাথে সাক্ষাৎ করতে ও গ্রাম্য লোকের পক্ষ হয়ে শহুরে লোককে বিক্রিয় করতে নিষেধ করেছেন।

ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম “(বাজারের) বাইরে গিয়ে পণ্য নেওয়ার জন্য ব্যবসায়ীদের সাথে
সাক্ষাৎ করবে না। আর কোন শহুরে লোক যেন কোন গ্রাম্য লোকের পণ্য বিক্রয় না করে।” তিনি বললেন, আমি ইবন আব্বাসকে বললাম ‘কোন শহুরে লোক যেন কোন গ্রাম্য লোকের পণ্য বিক্রয় না করে’ এর অর্থ কী? তিনি বললেন, ‘সে তার দালাল হবে না”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটিতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কতক নিষিদ্ধ ক্রয়-বিক্রয় সম্পর্কে আলোচনা করেন। কারণ, এ ধরনের ক্রয়-বিক্রয়ে বিক্রেতা, ক্রেতা অথবা অন্য কারো ক্ষতি হয়। প্রথমত: পণ্য নিয়ে আগতদের বাজারে পৌঁছার আগে তাদের পণ্য বা জন্তু ক্রয় করে নেওয়া। তারা বাজারের মূল্য সম্পর্কে না জানাতে লোকটি কম মূল্যে তাদের থেকে পণ্য ক্রয় করে নেয়। এতে অনেক সময় তারা তাদের বিক্রয়ে ক্ষতিগ্রস্থ হয় এবং যে লাভ বা উপার্জনের জন্য এত কষ্ট ও দূরপথ অতিক্রম করল এবং আত্মাকে কষ্ট দিল তা থেকে তারা বঞ্চিত হয়। ফলে সে বিনা কষ্টে তার জন্য শীতল খাদ্যে পরিণত হল। দ্বিতীয়ত: গ্রাম্য লোকটি শহরে পণ্য আনে যাতে সে ঐদিনের মূল্যে বিক্রি করে ফিরে যাবে বা তার প্রয়োজন পূরণ হয় এবং তার জন্য যথেষ্ট হয় এমন মূল্যে বিক্রি করে সে চলে যাবে। কিন্তু শহরের লোক এসে তাকে বলে তুমি পণ্যটি আমার কাছে রেখে যাও যাতে মূল্য বৃদ্ধি পেলে আমি ধীরে ধীরে তা বিক্রি করতে পারি। এতে শহরবাসী ক্ষতি গ্রস্থ হয়। ফলে শরী‘আত এ ধরনের ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করেছেন যাতে শহর থেকে দূরে অবস্থানকারী ব্যবসায়ী এবং শহরের অধিবাসী উভয়ের অধিকার সংরক্ষণ হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/5847